

it was temporarily

**প্রশ্ন ১৫** গুপ্তযুগের সাহিত্য সম্পর্কে আলোচনা করো।

- ☞ উত্তর। **ভূমিকা :** সভ্যতা ও সংস্কৃতি ক্ষেত্রে গুপ্ত শাসনকাল ছিল ভারত-ইতিহাসের এক গৌরবজনক যুগ। কেবলমাত্র রাজনৈতিক ঐক্য স্থাপন ও সুষ্ঠু শাসনব্যবস্থা প্রবর্তনই এই যুগের বৈশিষ্ট্য ছিল না। শিল্প, সাহিত্য, বিজ্ঞান সর্বক্ষেত্রে এক অভূতপূর্ব অগ্রগতি এই যুগকে মহিমান্বিত করে তুলেছিল।
- **গুপ্তযুগের সাহিত্য :** গুপ্তযুগ অনবদ্য সাহিত্যসৃষ্টি এবং সংস্কৃত ভাষার উৎকর্ষের জন্য সুবিখ্যাত। কেউ কেউ মনে করেন যে, গুপ্তযুগে সংস্কৃত ভাষার পুনরভ্যুদয় ঘটেছিল। কিন্তু ঐতিহাসিকরা একথা সত্য বলে মনে করেন নি। কারণ গুপ্তযুগের পূর্বে কোনো সময়েই সংস্কৃত ভাষা বিস্মৃত বা অবহেলিত হয় নি। বরং আগে থেকেই সংস্কৃত ভাষা ও সাহিত্য ধীরে ধীরে পূর্ণতা ও বিস্তারলাভ করেছিল। তবে গুপ্তসম্রাটদের পৃষ্ঠপোষকতায় এবং দেশের অনুকূল আবহাওয়ায় এই ভাষার এক অভাবনীয় উন্নতি সাধিত হয়েছিল মাত্র। এই যুগের অধিকাংশ শিলালিপি ও সাহিত্য সংস্কৃত ভাষাতেই রচিত হয়েছিল।